গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-১
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০০১.১২২.২৭.০০০৩.২৬-৩৫৩

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩ / ০৩ সেপ্টেম্বর ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এ.এইচ.এম শাহরিয়ার, নির্বাহী প্রকৌশলী, নওগাঁ গণপূর্ত বিভাগ, সাবেক নির্বাহী প্রকৌশলী, বগুড়া গণপূর্ত বিভাগ, বগুড়ায় কর্মরত থাকালীন সময়ে গত ২৫ জুন ২০২৪ তারিখ দিবাগত রাত ৩.০৫ ঘটিকায় বগুড়া জেলা কারাগার থেকে ০৪ জন মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত কয়েদি পলায়নের ঘটনা ঘটে। তার এরূপ কার্যক্রমে দায়িত্ব পালনে অবহেলা ও পেশাগত অদক্ষতা প্রকাশ পায়। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে ০১/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ.এইচ.এম শাহরিয়ার, নির্বাহী প্রকৌশলী গত ০৩/০৩/২০২৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন। গত ১৫/০৪/২০২৬ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানি অন্তে বিভাগীয় মামলাটি তদন্ত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের উপসচিব জনাব মো: সিরাজুল ইসলামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে 'গত ২৫ জুন ২০২৪ তারিখ দিবাগত রাত ৩.০৫ ঘটিকায় বগুড়া জেলা কারাগার থেকে ০৪ জন মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত কয়েদি পলায়নের ঘটনায় উল্লিখিত ব্যক্তিবর্গের বক্তব্য ও নথি-পত্রাদি পর্যালোচনায় জনাব এ.এইচ.এম শাহরিয়ার, নির্বাহী প্রকৌশলী, নওগাঁ গণপূর্ত বিভাগ (সাবেক নির্বাহী প্রকৌশলী, বগুড়া গণপূর্ত বিভাগ) এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়নি' মর্মে মতামত প্রদান করা হয়েছে।

০৩। সেহেতু, জনাব এ.এইচ.এম শাহরিয়ার, নির্বাহী প্রকৌশলী, নওগাঁ গণপূর্ত বিভাগ, সাবেক নির্বাহী প্রকৌশলী, বগুড়া গণপূর্ত বিভাগ-এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা না পাওয়ায় অভিযুক্ত কর্মকর্তা এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা এবং বক্তব্য শ্রবণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর উপবিধি (খ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০১/২০২৬ নম্বর বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত
০৩/০৯/২০২৬
মো: ওবায়দুর রহমান
সচিব

নম্বর: ২৫.০০.০০০০.০০১.১২২.২৭.০০০৩.২৬-৩৫৩(১১)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩ / ০৩ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

০২। যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। উপসচিব (প্রশাসন শাখা-৭), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

০৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১০। জনাব এ.এইচ.এম শাহরিয়ার, নির্বাহী প্রকৌশলী, নওগাঁ গণপূর্ত বিভাগ, সাবেক নির্বাহী প্রকৌশলী, বগুড়া গণপূর্ত বিভাগ।

১১। অফিস কপি/মাস্টার ফাইল।

০৩/০৯/২০২৬

তাসমিন ফারহানা
উপসচিব
টেলিফোন: ০২৫৫১০০৪৫৫
ই-মেইল: adminsection1@mohpw.gov.bd